

২০১৮-১৯
২০১৮/১৯
নির্বাহী প্রকৌশলী (সিভিল)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন শাখা-৫

১৪/১১/১৯
১৪/১১/১৯

তারিখ: আষাঢ় ১৪২৪
জুলাই ২০১৭

স্মারক নং-২৫.০১৮.০০৫.০০২.০০.০১০.২০১৬/

নির্বাহী প্রকৌশলী (সিভিল)

গৃহায়ন

তারিখ: ২৫/৭/১৭

প্রজ্ঞাপন

মেহেতু জনাব মোহাম্মদ মোখলেছুর রহমান, উপ সহকারী প্রকৌশলী (সিভিল), মনিটরিং এন্ড অডিট, গণপূর্ত অধিদপ্তর, ঢাকায় কর্মরত অবস্থায় শারীরিক অসুস্থতার কারণে ১০/০১/২০১৩ তারিখ ০৬(ছয়) মাসের অর্জিত ছুটির আবেদনের প্রেক্ষিতে গণপূর্ত অধিদপ্তর হতে প্রার্থিত ছুটি ৩১/০১/২০১৩ তারিখ মঞ্জুর করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা মঞ্জুরীকৃত ছুটি শেষে কর্মস্থলে যোগদান না করায় গণপূর্ত অধিদপ্তর হতে ১০/১১/২০১৫ তারিখের স-৩/পি-২৫.৩৬.০০০০.২১৩.২৭.৩.২২৮/১৫/৯৪৭ নম্বর স্মারকে কৈফিয়ত তলব করা হয় কিন্তু তিনি কোন জবাব দাখিল করেননি এবং অদ্যাবধি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। সে কারণে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) ও (সি) অনুযায়ী যথাক্রমে “অসদাচরণ” ও “ডিজারশন” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে ১৭/০৫/২০১৬ তারিখের ২৫.০১৮.০০৫.০০২.০০.০১০.২০১৬-১৯৭ নম্বর স্মারকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী রেজিস্টার্ড উইথ এডি যোগে অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর কোন জবাব দাখিল করেননি এবং ডাক বিভাগ হতে অভিযুক্তের ঠিকানায় প্রেরিত অভিযোগনামা ও অভিযোগ বিবরণী “প্রাপককে উক্ত ঠিকানায় খুজিয়া না পাওয়ায় ফেরত” মন্তব্যসহ ফেরত পাওয়া যায়। ন্যায় বিচারের স্বার্থে সুষ্ঠু তদন্তের আবশ্যিকতা প্রতীয়মান হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য মোঃ রফিকুল ইসলাম (পরিচিতি নম্বর-৬৬৫৭), উপ সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত “অসদাচরণ” ও “ডিজারশন” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে বলে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলার নথি, তদন্ত প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র পর্যালোচনান্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ এর উপবিধি (৩) এর (ডি) অনুযায়ী “চাকরি হতে বরখাস্ত” (Dismissal from service) গুরুদন্ত আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে একই বিধিমালায় বিধি ৭ এর উপবিধি (৬) অনুযায়ী অভিযুক্তকে ২৫/০১/২০১৭ তারিখের ২৫.০১৮.০০৫.০২.০০.০১০.২০১৬-৩৪ নম্বর স্মারক মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। কিন্তু তিনি দ্বিতীয় কারণ দর্শানো নোটিশেরও কোন জবাব দাখিল করেননি;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ দর্শানোর জবাব দাখিল করেননি, তাই তার বিরুদ্ধে “চাকরি হতে বরখাস্ত” (Dismissal from service) গুরুদন্ত আরোপের সিদ্ধান্ত বহাল রেখে বাংলাদেশ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭ এর উপবিধি (৭) মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের নিকট মতামত চাওয়া হয়। বাংলাদেশ সরকারি কর্ম কমিশন হতে জনাব মোহাম্মদ মোখলেছুর রহমান-কে “চাকরি হতে বরখাস্ত” (Dismissal from service) গুরুদন্ত আরোপের প্রস্তাবের সাথে একমত পোষণ করা হয়;

ডঃ প্রঃ (সঃ)

20 JUL 2017

মতিঃ প্রঃ প্রঃ (সঃসঃ)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

সেহেতু, জনাব মোহাম্মদ মোখলেছুর রহমান, উপ সহকারী প্রকৌশলী (সিভিল) কে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) ও (সি) অনুযায়ী যথাক্রমে “অসদাচরণ” ও “ডিজারশন” এর অভিযোগে দোষী সাব্যস্ত করা হলো এবং একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি ৩ এর (ডি) অনুযায়ী “চাকরি হতে বরখাস্ত” (Dismissal from service) করা হলো।

এ আদেশ জনাব মোহাম্মদ মোখলেছুর রহমান এর বিনা অনুমতিতে অনুপস্থিতির তারিখ ০১/০৮/২০১৩ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত/-
০৬/০৭/২০১৭
মোঃ শহীদ উল্লা খন্দকার
সচিব

স্মারক নং-২৫.০১৮.০০৫.০২.০০.০১০.২০১৬/ ২১৬

তারিখ: ২৭ আষাঢ় ১৪২৪
১৬ জুলাই ২০১৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। উপ সচিব, প্রশাসন-১ অধিশাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। জনাব মোহাম্মদ মোখলেছুর রহমান, উপ সহকারী প্রকৌশলী (সিভিল), মনিটরিং এন্ড অডিট, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা (স্থায়ী ঠিকানা-জনাব মোহাম্মদ মোখলেছুর রহমান, পিতা-মোহাম্মদ জালাল উদ্দিন, গ্রাম-ষ্টেশন বাজার, ডাকঘর-জামালপুর-২০০০, থানা-জামালপুর সদর, জেলা-জামালপুর)।
- ৬। অফিস কপি।

শ্যামলী নবী
(শ্যামলী নবী) ১৩/৭/১৭
উপ সচিব
দুরালাপনী-৯৫৬৯০০৬
sasadmin5@mohpw.gov.bd

অঃ প্রঃ প্রঃ (সঃসঃ)

গণপূর্ত অধিদপ্তর
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সংস্থাপন শাখা-৩
০২৫ তারিখ ২৭/০৭/১৭